আলো মোটর সাইকেল (যানবাহন) ব্যবহার বিধিমালা ২০১৯
(সংশোধিত)



এসিসটেন্স ফর দি লাইভলিহুড অফ দি অরিজিন্স (আলো)
পানখাইয়া পাড়া, খাগড়াছড়ি সদর,
খাগড়াছড়ি পার্বত্য জেলা, বাংলাদেশ।
ফোন: ০৩৭১-৬১৫৫৯, ৬২০৬৭
Website: www.alocht.org , ই-মেইল: info@alocht.org

অফিস আদেশ

এসিসটেন্স ফর দি লাইভলিহুড অফ দি অরিজিন্স (আলো), পানখাইয়া পাড়া, খাগড়াছড়ি সদর নিবন্ধন নং: সমাজ সেবা অধিদপ্তর খাগড়া- ১৫২/৯৮, তারিখ: ৩১/১২/১৯৯৮ ইং, এনজিও বিষয়ক ব্যুরো নিবন্ধন নং: ২২২৫, তারিখ: ১৮/০৮/২০০৭ খ্রিঃ এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি নিবন্ধন নং: ০০৭৫২-০০২৫৩-০০৫৭৬, এমআরএ নং: ০০০০৫৯৩, তারিখ: ২৮/০৬/২০১১ ইং।

খাগড়াছড়ি জেলা ভিত্তিক উন্নয়ন সংস্থা আলো এর সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত সংস্থার কার্যকরী পরিষদ এর অনুমতিক্রমে **আলো মোটর সাইকেল (যানবাহন) ব্যবহার বিধিমালা ২০১৯ ইং (সংশোধিত)** প্রণয়ন করা হল। যাহা অদ্য ১লা জুলাই ২০১৯ ইং হতে কার্যকর হলো।

নির্বাহী পরিচালক
আলো, খাগড়াছড়ি।

Arun Kanti Chakma
Executive Director
ALO, Khagrachari.

President
ALO, Khagrachari

এসিসটেন্স ফর দি লাইভলিহুড অফ দি অরিজিন্স (আলো)
পানখাইয়া পাড়া, খাগড়াছড়ি সদর,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

আলো মোটর সাইকেল (যানবাহন) ব্যবহার বিধিমালা ২০১৯ ইং (সংশোধিত)

ক্র:নং	বিবরণ	পৃষ্ঠা নং	মন্তব্য
১	ভূমিকা	১	
২	উদ্দেশ্য	১	
৩	প্রয়োগের ক্ষেত্র	১	
৪	প্রয়োগের তারিখ	১	
৫	সংশোধন	১	
৬	মোটর সাইকেল ব্যবহার বিধিমালা	১	
৭	কোন কোন উদ্দেশ্যে/স্বার্থে একজনকে মোটর সাইকেল ব্যবহারের অনুমতি প্রদান করা যেতে পারে	১	
৮	মোটর সাইকেল ব্যবহারকারীর বিবেচ্য বিষয়সমূহ	১	
৯	অবশ্যই পালনীয় বিধি	২	
১০	চালনার উত্তম নিয়ম-বিধিসমূহ	২	
১১	মোটর সাইকেল কোন কোন ক্ষেত্রে ব্যবহার করা যাবে	২	
১২	মোটর সাইকেল কোন কোন কাজে ব্যবহার করা যাবে না	২	
১৩	সংস্থার মোটর সাইকেল ব্যক্তিগত বা পারিবারিক কাজে ব্যবহার করলে পালনীয় শর্তসমূহ	২	
১৪	কোন কোন কারণে মোটর সাইকেল/গাড়ী ব্যবহারকারী পরবর্তীতে চালনায়/ব্যবহারে অনুপযোগী বলে বিবেচিত হবেন	৩	
১৫	মোটর সাইকেল ব্যবহারে সংস্থার দায়িত্ব-কর্তব্য	৩	
১৬	জ্বালানী খরচ	৩	
১৭	দূর্ঘটনা	৩	
১৮	সংরক্ষণ	৩	
১৯	নমূনা ছক	৪-৫	

Arun Kanti Chakma
Executive Director
ALO, Khagrachari.

President
ALO Khagrachari

মোটর সাইকেল (যানবাহন) ব্যবহার বিধিমালা

ভূমিকা:
আলো খাগড়াছড়ি পার্বত্য জেলা ভিত্তিক একটি বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন। প্রতিষ্ঠালগ্ন হতে অত্র এলাকার সার্বিক উন্নয়নে সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান ও বিভিন্ন দাতা সংস্থার অর্থায়নে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে নানামূখী উন্নয়ন কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে পরিচালনা করে আসছে। সকল উন্নয়ন কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে পরিচালনায় এবং প্রাপ্ত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত কল্পে সংস্থা বিভিন্ন পলিসি ও বিধিমালা প্রণয়ন করেছে। এরই ধারাবাহিকতায় সংস্থার যানবাহনসমূহ যেমন- মোটর সাইকেল, সাইকেল ও জীপ গাড়ীর সঠিক ব্যবহার ও পরিচালনার লক্ষ্যে একটি বিধিমালা প্রণয়নের একান্ত আবশ্যক বিধায় এই বিধিমালাটি প্রণয়ন করা হল। তাই অত্র সংস্থার কর্মরত সকল মোটর সাইকেল (যানবাহন) ব্যবহারকারীর জন্য এই বিধিমালাটি প্রযোজ্য হবে।

উদ্দেশ্য:

- যানবাহন/মোটর সাইকেল সর্বোচ্চ সংস্থার কাজে ব্যবহার করা;
- মোটর সাইকেল ব্যবহারকারী, যাত্রী ও রাস্তায় চলাচলকারী লোকজনসহ অন্য যে কোন যানবাহনকে ক্ষতির হাত থেকে রক্ষা করা;
- নিরাপদে সকল প্রকার যানবাহন ব্যবহার করা।

প্রয়োগের ক্ষেত্রঃ এই বিধিমালা আলো সংস্থায় কর্মরত সকল মোটর সাইকেল (যানবাহন) ব্যবহারকারী/ চালনাকারী কর্মকর্তা-কর্মচারীর ক্ষেত্রে প্রয়োজ্য হবে।

প্রয়োগের তারিখঃ এই সংশোধিত বিধিমালা ১লা জুলাই ২০১৯ খ্রীঃ থেকে কার্যকর হবে।

ব্যাখ্যাঃ এই বিধিমালার আওতায় কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে সংস্থার নির্বাহী পরিচালক কার্যকরী পরিষদ অথবা পরিচালনা বোর্ড এর সাথে আলোচনা করে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করবেন।

সংশোধনঃ এই বিধিমালার কোন শর্ত বা বিধি সংযোজন, বর্জন, সংশোধন কিংবা পরিমার্জনের ক্ষেত্রে কার্যকরী পরিষদ অথবা কার্যকরী পরিষদ কর্তৃক অনুমোদিত/মনোনীত কমিটি বা বোর্ডই একমাত্র উপযুক্ত ক্ষমতাধারী কর্তৃপক্ষ বলে বিবেচিত হবে।

মোটর সাইকেল ব্যবহার বিধিমালাঃ প্রণীত এই নিয়ম-বিধি যে কোন ব্যক্তি/কর্মী কর্তৃক লংঘন করা হলে সংস্থার বিধান অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোন কোন উদ্দেশ্যে/স্বার্থে একজনকে মোটর সাইকেল ব্যবহারের অনুমতি প্রদান করা যেতে পারে-

- কর্মীর কাজের ধরন ও ভলিউম বিবেচনা করে;
- প্রকল্পের কার্যক্রম পরিচালনা/বাস্তবায়নের উপর গুরুত্ব বিবেচনা করে;
- নির্দিষ্ট সময়ে কাজ আদায় ও কার্যক্রম সম্পাদনের উদ্দেশ্যে।

মোটর সাইকেল ব্যবহারকারীর বিবেচ্য বিষয়সমূহ/কি কি যোগ্যতা থাকা প্রয়োজনঃ

- বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে;
- শারীরিক যোগ্যতা থাকতে হবে;
- মোটর সাইকেল চালনায় পারদর্শী হতে হবে/দক্ষতা থাকতে হবে;
- যানবাহন চালনার নিয়ম-কানুন সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকতে হবে;
- মোটর সাইকেল রক্ষণাবেক্ষণে দায়িত্বশীল ও যত্নশীল হতে হবে;
- সংস্থার প্রণীত মোটর সাইকেল পলিসি সম্পর্কে স্পষ্ট ধারণা থাকতে হবে;
- সর্বোপরি আন্তঃ চুক্তি (সংস্থা ও ব্যবহারকারী/চালনাকারী) মোতাবেক সকল শর্ত পালন।
- প্রকল্প বা কার্য চুক্তির মেয়াদ সমাপ্তি হওয়ার এক মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার মাধ্যমে সংস্থার কাছে মোটর সাইকেল হস্তান্তর করতে হবে অথবা সংস্থার স্বার্থে যে কোন সময়ে।

আলো মোটর সাইকেল (যানবাহন) ব্যবহার বিধিমালা ২০১৯ (সংশোধিত) চলমান পাতা ১ হতে ৫

অবশ্যই পালনীয় বিধিঃ

- অবশ্যই সংস্থার স্বার্থে ও কাজে ব্যবহার করতে হবে;
- ব্যবহারকারীকে অবশ্যই ব্যবহারের সময় লগ বই, লাইসেন্স ও গাড়ীর কাগজ পত্রাদি সঙ্গে রাখতে হবে;
- মোটর সাইকেল ব্যবহারকারীকে অবশ্যই সকল প্রকার নিরাপত্তা মাথায় রেখে মোটর সাইকেল চালাতে হবে। কোনভাবেই অ্যালকোহল বা মাদক সেবন করে চালানো যাবে না;
- মোটর সাইকেল ব্যবহারকারীকে অবশ্যই রাস্তার প্রকৃতি অনুযায়ী নির্দিষ্ট গতিসীমার মধ্যে গাড়ী চালাতে হবে।

চালনার উত্তম নিয়ম-বিধিসমূহঃ

- মোটর সাইকেল ব্যবহারকারী ও সহযাত্রী উভয়ে হেলমেট পরিধান করা;
- যানবাহনের কাগজপত্রাদি আপডেট রাখতে হবে;
- রাতব্যাপী ভ্রমণে ব্যবহার না করার চেষ্টা করা;
- প্রতিকূল বা বিপজ্জনক আবহাওয়ায় ব্যবহার না করা;
- যদি বিকল্প হিসেবে যাত্রীবাহী যানবাহন পাওয়া না যায় কেবল তখনই দীর্ঘ দুরত্বের রাস্তায় যাতায়াতকালে এই মোটর সাইকেল ব্যবহার করা;
- অতি স্বল্প দুরত্বে ব্যবহার না করা যদি পায়ে হেঁটে সম্ভব হয়;
- দু'জনের (চালক ও যাত্রীসহ) অধিক যাত্রী বহন না করা।

এ সব নিয়ম-বিধির মধ্যে সর্বশেষ দুটি পয়েন্টের ক্ষেত্রে যুক্তি হচ্ছে যে, দীর্ঘ দূরত্বে এবং স্বল্প দূরত্বের মধ্যে মোটর সাইকেল অত্যধিক মাত্রায় ব্যবহার করা হলে মোটর সাইকেলটি অতিরিক্ত খারাপ/নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা বেশী; অতি দীর্ঘ দূরত্বে মোটর সাইকেল ব্যবহার করাও পরিবেশবান্ধব নয়। তাই এ ধরনের ব্যবহার যতটুকু সম্ভব এড়িয়ে চলা উচিত।

মোটর সাইকেল কোন কোন ক্ষেত্রে/কাজে ব্যবহার করা হবে-

- ব্যাংকিং কাজে;
- অফিসিয়াল চিঠিপত্র বিলি-বন্টন;
- প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং/পরিদর্শনের উদ্দেশ্যে;
- বিভিন্ন প্রকার সভা/সেমিনার/কর্মশালায় যোগদান;
- সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান/অফিসের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;
- প্রয়োজন সাপেক্ষে সংস্থার স্বার্থ-সংশ্লিষ্ট সকল কাজে।

মোটর সাইকেল কোন কোন কাজে ব্যবহার করা যাবে নাঃ

- রাষ্ট্রবিরোধী অবৈধ কার্যকলাপে;
- রাজনৈতিক কর্মকান্ডে;
- কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি হয় এমন কাজে;
- ব্যক্তিগত বা পারিবারিক কাজে।

বিশেষ ক্ষেত্রে যদি সংস্থার মোটর সাইকেল ব্যক্তিগত বা পারিবারিক কাজে ব্যবহার করতে হয় সেক্ষেত্রে নিম্নলিখিত শর্তসমূহ অবশ্যই পালনীয় ঃ

- যে কোন ধরণের দুর্ঘটনায় মোটর সাইকেল ক্ষতিগ্রস্ত হলে মেরামতের ব্যয়ভার সম্পূর্ণ নিজ থেকে বহন করতে হবে;
- মোটর সাইকেল রক্ষণাবেক্ষণে দায়িত্বশীল হওয়া এবং পরিস্কার-পরিচ্ছন্ন রাখা;
- মোটর সাইকেল-এর কোন যন্ত্রাংশ বা পার্টস নষ্ট হলে ১০০% শতাংশ খরচ সম্পূর্ণ নিজ থেকে বহন করতে হবে;
- দূরবর্তী জায়গায় যাওয়ার প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে অনুমতি নিতে হবে ;
- ব্যক্তিগত কাজে ব্যবহারের জন্য শুধুমাত্র ৩০% শতাংশ (সর্বমোট কাজের) অনুমোদন করা যাবে;

আলো মোটর সাইকেল (যানবাহন) ব্যবহার বিধিমালা ২০১৯ (সংশোধিত) চলমান পাতা ২ হতে

- মোটর সাইকেল অন্য কাউকে ব্যবহার করতে দেয়া যাবে না;
- প্রয়োজনীয় কাগজপত্র নিজের সাথে রাখা;
- ব্যক্তিগত কাজে ব্যবহৃত মাইল মিটার বা রিডিং লগবুকে (নিজের নামে) তা নথিভুক্ত করতে হবে।

(নোট: উল্লেখ্য যে, ব্যক্তিগত কাজে ব্যবহারের পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পূর্বানুমতি ও এ বিধিমালার সকল বিধি বিধান মেনে চলা বাধ্যতামূলক।)

নিম্নে উল্লেখিত কারণে কোন মোটর সাইকেল/গাড়ী ব্যবহারকারী পরবর্তীতে চালনায়/ব্যবহারে অনুপযোগী বলে বিবেচিত হবেনঃ

- বারবার দুর্ঘটনায় পতিত হলে;
- পলিসির বাইরে কোন কার্যকলাপ করে থাকলে বা ব্যবহারের ক্ষেত্রে কোন দোষ-ত্রুটি পরিলক্ষিত হলে;
- মাদকাসক্ত ও মদ্যপ অবস্থায় চালালে;
- রাজনৈতিক বা অবৈধ কাজে ব্যবহারের প্রমাণ পাওয়া গেলে;
- যানবাহন/মোটর সাইকেল ব্যবহারে যত্নবান না হলে।

মোটর সাইকেল ব্যবহারে সংস্থার দায়িত্ব-কর্তব্যঃ

- মোটর সাইকেল বা গাড়ীর রেজিস্ট্রেশন-এর ব্যবস্থা নেয়া;
- মোটর সাইকেল ব্যবহারে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে গাড়ীর যাবতীয় কাগজপত্র হস্তান্তর করা;
- অফিসিয়াল কাজে ভ্রমণকালীন দৈব-দুর্বিপাকে কোন দুর্ঘটনায় পড়ে মোটর সাইকেল/গাড়ী ক্ষতিগ্রস্ত হলে ঐ ক্ষতিগ্রস্ত মোটর সাইকেল মেরামত ও চালকের প্রয়োজনীয় চিকিৎসা ও মেরামতের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।

জ্বালানী খরচঃ

সংস্থার কোন কর্মী প্রকল্প তথা সংস্থার কাজে মোটর সাইকেল ব্যবহার করলে ব্যবহারের প্রকৃত জ্বালানী ও মেরামতের আনুষঙ্গিক খরচের সুবিধা প্রাপ্য হবেন। সংস্থার নির্ধারিত ফরমেট (বেঞ্চ মার্ক) অনুযায়ী (পরিশিষ্ট-১) যাচাই ও নিরীক্ষা সাপেক্ষে উক্ত মোটর সাইকেল এর জ্বালানীর খরচ নির্ধারণ করা হবে। তবে বিশেষ ক্ষেত্রে এ ধারা প্রযোজ্য নাও হতে পারে। সেক্ষেত্রে প্রতি ৩০ কিমি দূরত্বের জন্য ১ লিটার জ্বালানী তৈলের খরচ হিসাব করা হবে। পার্বত্য অঞ্চলের ভৌগলিক অবস্থা বিবেচনা করে এ খরচের মাত্রা কম বা বেশী হলে তাও বিশেষ বিবেচনায় আনা হবে।

দূর্ঘটনাঃ

সংস্থার কোন কর্মী দুর্ঘটনায় পতিত হলে দায়িত্বপ্রাপ্ত ব্যবহারকারী তার (কর্মীর) লাইন ম্যানেজারকে তৎক্ষণাৎ অবহিত করতে হবে। তিনি দুর্ঘটনায় জড়িত অন্যান্য লোকদের নাম, ঠিকানা, অবস্থান, দুর্ঘটনার সময় ইত্যাদিসহ ঘটনার বিস্তারিত তথ্য প্রদান করবেন।

দূর্ঘটনাজনিত কারণে মোটর সাইকেল তৎক্ষণাৎ গ্যারেজে নিয়ে ভালভাবে চেক করতে হবে। দূর্ঘটনায় যে কেউ আহত হলে বিশেষত: মাথায় আঘাতপ্রাপ্ত হলে তাকে তৎক্ষণাৎ ডাক্তারের মাধ্যমে চিকিৎসার ব্যবস্থা করতে হবে।

এই বিধি-বিধানের আওতায় যাবতীয় আবশ্যকীয় শর্তাদি মোটর সাইকেল ব্যবহারকারী পরিপূরণে সক্ষম হলে সংস্থা মোটর সাইকেল মেরামতের যাবতীয় ব্যয়ভার বহন করতে পারে। আর যদি আবশ্যকীয় শর্তাদি পরিপূরণে ব্যর্থ হয় তাহলে ক্ষতিগ্রস্ত মোটর সাইকেল মেরামতে পূর্ণ অথবা আংশিক ব্যয়ভার মোটর সাইকেল ব্যবহারকারীকে বহন করতে হবে। তাছাড়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জবাবদিহি করার অধিকার সংস্থা সংরক্ষণ করেন।

সংরক্ষণঃ

সকল প্রকারের যানবাহন সংস্থার গ্যারেজে সংরক্ষণ করা হবে। যদি গ্যারেজে নিরাপত্তা না থাকে তাহলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে কোন কর্মী নিজ হেফাজতে রাখতে পারবেন।

Arun Kanti Chakma

পরিশিষ্ট-১

নমূনা "ছক"

ক)

এসিসটেন্স ফর দি লাইভলিহুড অফ দি অরিজিন্স (আলো)
পানখাইয়া পাড়া, খাগড়াছড়ি সদর,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

Log Sheet

Month: Motor Cycle No:

SL #	Date	Location	Purpose	Starting Riding/ KM	Ending Riding/ KM	Total Driving/KM	Fuel Description	Liter	Memo no.	TK. Amount	Total Amount	Remarks

Prepared by- Checked by- Reviewed by- Approved by-

Arun Kanti Chakma
Executive Director
ALO, Khagrachari.

President
ALO, Khagrachari

খ)

এসিসটেন্স ফর দি লাইভলিহুড অফ দি অরিজিন্স (আলো)
পানখাইয়া পাড়া, খাগড়াছড়ি সদর,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

মোটর সাইকেল-এর জ্বালানীর তুলনামূলক যাচাই

গাড়ী নং: ....., প্রকল্প: .....

ক্রমিক নং	তারিখ	বিবরণ (গন্তব্য স্থান)		শুরুর মিটার রিডিং	সমাপ্তি মিটার রিডিং	ব্যবহৃত রিডিং	সর্বমোট ব্যবহৃত রিডিং	মন্তব্য
১।			যাওয়া					
			আসা					
২।			যাওয়া					
			আসা					

নোট: মোটর সাইকেলটি প্রতি লিটার জ্বালানীতে আনুমানিক..... কিলোমিটার পর্যন্ত চালানো যায়।

মোটর সাইকেল পরিক্ষাকারী:

পরীক্ষাকারী-১	পরীক্ষাকারী-২
স্বাক্ষর:	স্বাক্ষর: .....
নাম:	নাম: .....
পদবী:	পদবী: .....
তারিখ:	তারিখ: .....

যাচাইকারী	তুলনাকারী	অনুমোদনকারী
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর :.....
নাম:	নাম:	নাম: .....
পদবী:	পদবী	পদবী: .....
তারিখ:	তারিখ:	তারিখ: .....

Arun Kanti Chakma
Executive Director
ALO, Khagrachari.

সমাপ্ত

President